

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-১১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৮৬.০২.০০৮.১৯-১৪

তারিখঃ ১৮ পৌষ ১৪২৬ ব.
০২ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ বিজ্ঞ ১ম সহকারী জজ আদালত ঢাকা'য় দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং- ১২৬/২০১৯ এর বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।


সূত্র: বিজ্ঞ ১ম সহকারী জজ আদালত ঢাকা হতে প্রাপ্ত দেওয়ানী মোকদ্দমা নং-১২৬/২০১৯ এর সমনসহ আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার দারুস সালাম থানার অস্তর্গত মিরপুরস্থ “হযরত শাহআলী বাগদাদী (রহঃ) কামিল মাদ্রাসা” এর উপাধ্যক্ষ, জনাব মোহাম্মদ আফজাল হোসাইন (১ নং বিবাদী)-এর ০১/০১/১৯৯৯৭ তারিখে অবৈধ নিয়োগ, দুর্মীতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও তার আত্মসংকৃত টাকা প্রতিষ্ঠানে ফেরত প্রদানের আদেশ প্রার্থনা করে উক্ত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ, জনাব কে.এম সাইফুল্লাহ কর্তৃক বিজ্ঞ ১ম সহকারী জজ আদালত, ঢাকা'য় দেওয়ানী মোকদ্দমা নং-১২৬/২০১৯ দায়ের করা হয়।

২। উক্ত দেওয়ানী মোকদ্দমায় বিবাদী পক্ষ স্বয়ং অথবা উকিলের মাধ্যমে বাদীর নালিশের জবাব দেওয়ার জন্য ০৭/১০/২০১৯ তারিখ সকাল ১০ ঘটিকায় স্ব-পক্ষের প্রয়োজনীয় দালিলাদি ও স্বাক্ষৰসহ আদালতে উপস্থিত থাকার জন্য বিবাদীপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় ২ নং, ডিজি, মাউশিঅ ৩, রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ৪ এবং চেয়ারম্যান, বিএমইবি -কে ৫ নং সহ মোট ০৭ জনকে বিবাদী করা হয়েছে।

৩। উল্লেখ্য মোকদ্দমা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি কামিল মাদ্রাসা এবং কামিল মাদ্রাসার নিয়োগ সংক্রান্ত কার্যক্রমের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। যার সাথে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে আলোচ্য মামলায় বিবাদী করা হয়েছে।

৪। এমতাবস্থায়, বিজ্ঞ ১ম সহকারী জজ আদালত ঢাকা'য় দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-১২৬/২০১৯ এর বিষয়ে যথাসময়ে (গত ০৭/১০/২০১৯ তারিখে) সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা, হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদিসহ পরবর্তীতে করণীয় বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ১৩/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


(মোঃ আলক মণ্ডল)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/২২, রুক-এ, রোড নং-০৩, পশ্চিম ধানমন্ডি মেইন রোড
বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় জাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। অতিরিক্ত সচিব (মান্দ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অফিস কপি/মাস্টার কপি।